সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়

বিশ্বনাথ, সিলেট

নাগরিক সনদ/সেবা প্রদান প্রতিশ্রুতি
(Citizen Charter)

ক্র.নং	প্রদেয় সেবার বিবরণ	আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র/ নির্ধারিত প্রক্রিয়া	সেবার নির্ধারিত মূল্য	সেবা প্রদানের জন্য নির্ধারিত সময়সীমা	সংশ্লিষ্ট শাখার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী	সেবা প্রদানকারী কর্মকর্তা
১	নামজারি/জমা-খারিজ/মিউটেশন (ই-মিউটেশন অনলাইনে আবেদন)	১. ২০ (বিশ) টাকা মূল্যের কোর্ট ফি ও নোটিশজারী ফি ৫০/- টাকা অনলাইনে পরিশোধ করতে হবে। ২. সর্বশেষ মালিকের নামীয় খতিয়ানের সার্টিফাইড কপি। ৩. মূল দলিলের সার্টিফাইড কপি। ৪. বন্টননামা/ বাটোয়ারা দলিল(প্রযোজ্য ক্ষেত্রে)। ৫. ভায়া দলিলের সার্টিফাইড কপি। ৬. আদালতের রায়/ ডিক্রির মাধ্যমে জমির মালিকানা লাভ করলে উক্ত রায়ের সার্টিফাইড কপি। ৭. চলতি বাংলা সনের ধার্যকৃত ভূমি উন্নয়ন কর প্রদানের রশিদ বা দাখিলা। ৮. অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত মূল ওয়ারিশ সনদ। ৯. আবেদকারীর এক কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি। ১০. জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট এর মূল কপি।	নামজারি অনুমোদন হলে ডিসিআর ফি ১১০০ (এক হাজার একশত) টাকা অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে	২৮ (আটাশ) দিন	নামজারি শাখা	নাজির কাম-ক্যাশিয়ার	সহকারী কমিশনার (ভূমি)
২	কৃষি খাসজমি বন্দোবস্ত	নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ভূমিহীন সনদ, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা কমিটির সুপারিশের প্রেক্ষিতে জেলা বন্দোবস্ত কমিটি অনুমোদনের ব্যবস্থা নিবেন।	কোন ফি লাগবে না	সম্ভাব্য স্বল্পতম সময়ে	খাসজমি ও জরিপ শাখা	সংশ্লিষ্ট সার্ভেয়ার/ কানুনগো	সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার
৩	অকৃষি খাসজমি বন্দোবস্ত	২০ (বিশ) টাকা মূল্যের কোর্ট ফিসহ জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ১৯৯৫ সালের অকৃষি খাসজমি বন্দোবস্ত নীতিমালার শর্তাদি পূরণ করে প্রয়োজনীয় সকল কাগজপত্র জমা দিতে হবে।	সরকার কর্তৃক নির্ধারিত (জমির) মূল্য পরিশোধ করতে হবে	সম্ভাব্য স্বল্পতম সময়ে	খাসজমি ও জরিপ শাখা	সংশ্লিষ্ট সার্ভেয়ার/ কানুনগো	সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার
৪	হাট-বাজারের চান্দিনা ভিটির একসনা লাইসেন্স নবায়ন	২০ (বিশ) টাকা মূল্যের কোর্ট ফিসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।	সরকার নির্ধারিত হারে নবায়ন ফি পরিশোধ করতে হবে	সম্ভাব্য স্বল্পতম সময়ে	সায়রাত ও নেজারত শাখা	নাজির কাম-ক্যাশিয়ার	সহকারী কমিশনার (ভূমি)
৫	জলমহাল ইজারা (অনলাইনে আবেদন)	প্রতি বাংলা নববর্ষের পূর্বে জল মহাল ইজারার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা কমিটি যোগ্যতম আবেদনকারীকে বিধি-মোতাবেক ইজারা প্রদান করবেন।	ডাক মূল্যসহ অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে	আইনে নির্ধারিত সময়ে	সায়রাত ও নেজারত শাখা	নাজির কাম-ক্যাশিয়ার	সহকারী কমিশনার (ভূমি)
৬	আশ্রয়ণ/আবাসন ও আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পে ভূমিহীনদের পুনর্বাসন	নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে ভূমিহীন সনদ, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, স্বামী স্ত্রীর যৌথ ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।	কোনো ফি লাগবে না	সম্ভাব্য স্বল্পতম সময়ে	খাসজমি ও জরিপ শাখা	সংশ্লিষ্ট সার্ভেয়ার/ কানুনগো	সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার
৭	অর্পিত সম্পত্তির লিজ প্রদান/ নবায়ন	২০ (বিশ) টাকা মূল্যের কোর্ট ফিসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।	শ্রেণি ভিত্তিক সরকার নির্ধারিত হারে নবায়ন ফি পরিশোধ করতে হবে	১৫ দিন হতে ০১ মাস	সাধারণ শাখা	প্রধান সহকারী	সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার
৮	সার্টিফিকেট মামলার কার্যক্রম	নোটিশে দাবিকৃত বকেয়া অর্থ (সুদসহ) পরিশোধ করলে সার্টিফিকেট মামলা হতে অব্যাহতি পাওয়া যাবে।	নোটিশে উল্লিখিত অর্থ (সুদসহ)	০১ মাস হতে ০৩ মাস	সার্টিফিকেট শাখা	সার্টিফিকেট পেশকার, সার্টিফিকেট সহকারী	সহকারী কমিশনার (ভূমি)
৯	মিস কেসের মাধ্যমে বিবিধ বিষয়ে প্রতিকার প্রদান	২০ (বিশ) টাকা মূল্যের কোর্ট ফিসহ কী প্রতিকার চান, তা স্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদন করতে হবে। আবেদন পত্রের সঙ্গে জাতীয় পরিচয়পত্র ও এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আরও যা লাগবে- (ক) আদালতের রায়/ডিক্রির মাধ্যমে রেকর্ড সংশোধন চাইলে উক্ত রায়ের সার্টিফাইড কপি (খ) অন্যান্য ক্ষেত্রে আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় সকল কাগজপত্র	(ক) রেকর্ড সংশোধন ফি বাবদ ১১৫০ (এক হাজার একশত পঞ্চাশ) টাকা (খ) অন্যান্য ক্ষেত্রে কোন ফি লাগবে না	০১ মাস হতে ০৩ মাস বা কেস ভেদে প্রয়োজনীয় সময়	সাধারণ শাখা	প্রধান সহকারী	সহকারী কমিশনার (ভূমি)
১০	পুরাতন নামজারি কেসের অনুমোদিত খতিয়ানের সার্টিফাইড কপি প্রদান	২০ (বিশ) টাকা মূল্যের কোর্ট ফিসহ আবেদন করতে হবে। কেস নথি সংরক্ষিত থাকা সাপেক্ষে খতিয়ান প্রদান করা হবে।	সরকার কর্তৃক নির্ধারিত ফি	০৭ দিন হতে ০১ মাস	সায়রাত ও নেজারত শাখা	নাজির কাম-ক্যাশিয়ার	সহকারী কমিশনার (ভূমি)

* উত্তম সেবা পেতে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানাসহ মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করুন।
* ভূমিসেবা বিষয়ে পরামর্শের জন্য হেল্প ডেস্ক-এ যোগাযোগ করুন।
* ঘরে বসেই www.land.gov.bd-ওয়েবসাইটে নামজারির আবেদন করুন।

দিক-নির্দেশনা: জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।

মোবাইল নং : ০১৭১৫২৯৭৪০৫
ই-মেইল : dcsylhet@mopa.gov.bd

কাঙ্ক্ষিত সেবা না পেলে যোগাযোগ করুন

সহকারী কমিশনার (ভূমি)
ও
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
বিশ্বনাথ, সিলেট
মোবাইল: ০১৭৩০-৩৩১০৪২